

দৈনিক প্রসিধি পত্র মাধবদী পৌরসভা

মাধবদী, নরসিংদী

শ্রীকান্ত/৩০ জাঃ ২৭/১১/২০২৫

স্মারক নং- মাপৌ/প্রশা/বাংলাঃ- ১০৯/২০২৫/২৭০

তারিখ : ২৫/১১/২০২৫খ্রিঃ।

মালবাহী পরিবহন এবং অন্যান্য যান্ত্রিক গাড়ীর পার্কিং টোল (মহাসড়ক ব্যতীত) আদায় সংক্রান্ত ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধবদী পৌরসভা বেসী টেক্সটাইল ও মাইক্রোবাস এবং অন্যান্য যান্ত্রিক গাড়ীর পার্কিং টোল আদায়ের লক্ষ্যে ১ জানুয়ারী ২০২৬ খ্রিঃ হতে ৩১শে ডিসেম্বর ২০২৬ খ্রিঃ পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সমূহ নিম্নে বর্ণিত বিক্রয়ের তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী, ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধবদী থানা এবং নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে ক্রমিক চলাকালীন সময়ে বিক্রয় করা হবে। দরপত্র সমূহ নিম্নে বর্ণিত গ্রহণের তারিখে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত পৌরসভা কার্যালয়ে ও জেলা প্রশাসক, নরসিংদী এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্তু গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ২.০০ ঘটিকার সময় দরপত্র সাদাতালপনের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। অগ্রহী দরদাতাগণকে ইজারা দরপত্র সম্পর্কে বিজ্ঞপিত তথ্যাদি জানার জন্য মাধবদী পৌরসভার বাজার শাখার যোগাযোগ করার অনুরোধ করা হলো।

তফসিল

নং	নাম	সরকারী সন্ধ্যা মূল্য	দরপত্রের মূল্য (অফেরৎ বোধ্য)
০১	মালবাহী পরিবহন এবং অন্যান্য যান্ত্রিক গাড়ীর পার্কিং টোল আদায়	৪৮,২০,০০০/- (অটচক্লিশ লক্ষ বিশ হাজার) টাকা	১০,৪০০/- (দশ হাজার চারশত) টাকা

ছক

দরপত্র আহবানের নক্সা	দরপত্র গ্রহণের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সময়	দরপত্র খোলার সময়
১ম আহবান	০৮/১২/২০২৫খ্রিঃ সোমবার	০৯/১২/২০২৫খ্রিঃ মঙ্গলবার	দুপুর ১.০০ঘটিকা পর্যন্ত	দুপুর ২.৩০ ঘটিকা

ইজারার শর্ত সমূহঃ

- অগ্রহী দরদাতাগণকে দরপত্রে উল্লেখিত ইজারা মূল্যের শতকরা ১০০ ভাগ অর্থ প্রশাসক, মাধবদী পৌরসভার অনুমোদিত ব্যাংক ড্রাফট/পে- অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে এবং সেই সাথে দাখিলকৃত ইজারা মূল্যের উপর আগাম ১৫% ভ্যাট ও ১০% আয়কর এর অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- যাহার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের ৫% জমানত (বৎসর সমাপনান্তে ফেরতযোগ্য) একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় জমানকৃত অর্থ বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- অগ্রহী দরদাতাগণকে দরপত্র দাখিলের সময় ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক পাসপোর্ট সাইজের সদাতোলা ০১ (এক) কপি ছবি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং ইজারা ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- টোল আদায়ের হারঃ
 - ট্রাক ও কাতার্ড ভ্যান (বড়) (ঢাকা-সিলেট মহাসড়ক ব্যতীত) প্রতিটি ৮০/- (আশি) টাকা।
 - ট্রাক ও কাতার্ড ভ্যান (ছোট) (ঢাকা-সিলেট মহাসড়ক ব্যতীত) প্রতিটি ৫০/- (পঞ্চাশ) টাকা।
 - ইউ,বালু ও মাটিবাহী গাড়ী (ঢাকা-সিলেট মহাসড়ক ব্যতীত) প্রতিটি ৮০/- (আশি) টাকা।
 - বাস (কাউন্টার সার্ভিস বাস) প্রতিটি ৩০/- (ত্রিশ) টাকা।
 - মিনিবাস,মাইক্রোবাস ও প্রাইভেটকার (ঢাকা-সিলেট মহাসড়ক ব্যতীত) প্রতিটি ৩০/- (ত্রিশ) টাকা।
(নির্ধারিত পার্কিং ষ্ট্যান্ড)
- বেসী টেক্সটাইল ও অটোরিক্সা (নির্ধারিত পার্কিং ষ্ট্যান্ড) প্রতিটি ২০/- (বিশ) টাকা।
- কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী কর্তৃক সংরক্ষিত।

(স্বাক্ষর) ২৫/১১/২০২৫

(আসমা জাহান সরকার)

প্রশাসক

মাধবদী পৌরসভা, নরসিংদী।